

উদ্দেশ্যসমূহ :

১.১ রূপ কল্প (Vision) : সরকারি আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি আধুনিক ও শক্তিশালী করে সুশাসন প্রতিষ্ঠায় অবদান রাখা।

১.২ অভিলক্ষ (Mission) : সরকারি অর্থ পরিশোধের ক্ষেত্রে কার্যকর ফলপ্রসূ পূর্ব নিরীক্ষা সম্পাদন এবং মানসম্পন্ন হিসাব প্রণয়ন করে সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- (ক) চলমান সরকারি আর্থ-ব্যবস্থাপনা গতিশীলতা বজায় রাখা।
- (খ) ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) এর পরিসর বৃদ্ধিতে ভূমিকা রাখা।
- (গ) সেবার মান উন্নয়ন।
- (ঘ) পেনশন নিষ্পত্তিকরণ দ্রুততর সময়ে করা।
- (ঙ) সঠিক হিসাব প্রণয়নে কার্যকর ভূমিকা পালন করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

- (ক) দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন।
- (খ) সুশাসন সুসংহতকরণ ও শুদ্ধাচার বাস্তবায়নের অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করা।
- (গ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
- (ঘ) উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন করা।
- (ঙ) আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।
- (চ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনের কার্যকারিতা, স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুপ্রিম অডিট ইন্সটিটিউশন/বাংলাদেশকে শক্তিশালী করা।
- (ছ) মন্ত্রণালয়ের প্রি-অডিট কার্যক্রমকে কার্যকর করা।

কার্যাবলি (Functions) :

ক. হিসাব সংক্রান্ত

১. মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার (PAO) আর্থিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন।
২. মাসিক হিসাব পরবর্তী মাসে সিজিএ কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে সিজিএ কার্যালয়ে প্রতিষ্ঠিত সেন্ট্রাল ডাটা প্রসেসিং ইউনিট-এ প্রেরণ।
৩. সেন্ট্রাল রিকনসিলিয়েশন ইউনিট প্রণীত ম্যানুয়েল বর্ণিত পদ্ধতি তিনি চেক রিকনসিলিয়েশন নিশ্চিতকরণ।
৪. হিসাবে কোন ভুল পরিলক্ষিত হইলে জার্নালের মাধ্যমে সংশোধনের কার্যকর ব্যবস্থা গ্রহণ।
৫. হিসাবের সংগতি সাধন নিশ্চিতকরণ।
- ৬। বাজেটে প্রাক্কলিত সরকারের আয়-ব্যয় ও প্রকৃত আয়-ব্যয় এবং আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণের বিষয়ে পরামর্শ প্রদান।